



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

5 SEPTEMBER 2024

7:35 AM IST

আসাম মন্ত্রীআর বৈঠক গতকাল লখিমপুরে অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রী সভার বৈঠকের আগে মুখ্যমন্ত্রী লখিমপুর জেলার সাবতিতে নির্মীয়মান আন্ত রাজ্য বাস স্টেশন পরিদর্শন করে কাজের খোঁজ নেন। ২২ বিঘা জমিতে নির্মীয়মান এই প্রকল্পটি সম্পূর্ণ হয়ে উঠলে অরুণাচল প্রদেশের সঙ্গে রাজ্যের অন্যান্য জেলার যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হবে। মুখ্যমন্ত্রী কাজের অগ্রগতির তদারকি করে নির্ধারিত সময়ে কাজ সম্পূর্ণ করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন। এই প্রকল্পটি ২০২৫ সালের আগষ্ট মাসে কার্যক্ষম হবে।

প্রধানমন্ত্রী উচ্চতর শিক্ষা অভিযান প্রকল্পের অধীনে রাজ্যের ৩১ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে মোট ২২৯ কোটি ৯ লক্ষ ৫৫ হাজার টাকার তহবিল প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত অনুসারে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়কে ১০০ কোটি টাকা প্রদান করা সহ শিলচর গুরুচরণ কলেজকে ৩ কোটি টাকা, কাছাড় কলেজকে ২৫ লক্ষ টাকা, পশ্চিম শিলচর কলেজকে ১ কোটি ৫০ লক্ষ টাকা, কাবুগঞ্জ জনতা কলেজকে ৪ কোটি টাকা, উখারবন্দ জগন্নাথ সিং কলেজকে ২০ লক্ষ টাকা, সোনাই মাধব চন্দ্র দাস কলেজকে ৫ লক্ষ টাকা, শিলচর কলেজ এবং মহিলা কলেজকে ৩০ লক্ষ টাকা করে এবং বড়খলা সরকারী আদর্শ মহাবিদ্যালয়কে ৪০ লক্ষ টাকা প্রদান করা হবে।

ডিমা হাসাও জেলায় গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের ফলে জাটিংগা থেকে হারাংগাজাও এর মধ্যে ২৭ নম্বর জাতীয় সড়কে বানিজ্যিক যান চলাচলের ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সে অনুযায়ী ২৪ ফুটের বেশী দৈর্ঘ্যের ট্রাক ও ট্রেইলার সহ ১২ চাকার বা এর চেয়ে বেশী সংখ্যক চাকা নিয়ে চলাচল করা ভারী বানিজ্যিক যান বাহনের চলাচল এই সড়কে সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে। বরাক উপত্যকায় আসা যাওয়া করা এধরনের ভারী যানবাহন পরবর্তী নির্দেশ না দেওয়া

পর্যন্ত মেঘালয় হয়ে ৬ নম্বর জাতীয় সড়ক দিয়ে চলাচল করার জন্য অনুরোধ জানানো হয়েছে বলে আসাম পুলিশের উদ্ধৃতি দিয়ে আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন ।

আজ শিক্ষক দিবস । সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে শিক্ষক দিবস পালন করা হচ্ছে । এ উপলক্ষে রাজ্যের উচ্চশিক্ষা ও বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের রংঘর প্রেক্ষাগৃহে ৬৩ তম শিক্ষক দিবসের রাজ্যস্তরের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে বাছাই করা কৃতী শিক্ষা গুরুদের রাজ্য পুরস্কার প্রদান করা সহ ন্যাকের মূল্যায়নে যোগ্যতা অর্জন করা তথা বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ থেকে স্বশাসিত মর্যাদা লাভ করা কলেজের অধ্যক্ষ , প্যাটেন্ট লাভ করা কলেজগুলোর শিক্ষকদের সম্বর্ধনা জ্ঞাপন করা হবে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মুখ্য অতিথি হিসেবে এবং শিক্ষা মন্ত্রী ডঃ রণোজ পেণ্ড সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

করিমগঞ্জ জেলা শিক্ষক দিবস উদযাপন সমিতির উদ্যোগে আজ সকাল ১১টায় জেলা করিমগঞ্জ গ্রন্থাগার প্রেক্ষাগৃহে শিক্ষক দিবস পালন করা হবে । শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

এদিকে কাছাড় জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে শিক্ষক দিবস পালন করা হচ্ছে । হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাইলাকান্দি পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এখানে আজ জেলার ৪২ জন শিক্ষক-শিক্ষিকাকে সম্বর্ধনা জানানো হবে ।

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ সোনাই কচুদরম বাজারে প্রিপেইড স্মার্ট মিটার বাতিলের দাবীতে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় অবিলম্বে প্রিপেইড স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে প্রাক্তন আঞ্চলিক পঞ্চায়েত সদস্য কাদির লস্কর , প্রাক্তন অধ্যক্ষ আইনুল হক মজুমদার । ডক্টর এম শান্তি কুমার সিংহ প্রমুখ বক্তব্য রাখেন ।

পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং আনিসা ফাউন্ডেশনের সহযোগীতায় কাছাড় জেলার ধলাই বিধানসভা কেন্দ্রের নরসিংপুর উন্নয়ন খন্ডের সপ্তগ্রাম , বনগ্রাম ও ভাগাবাজার এলাকায় আত্ম-সহায়ক গোষ্ঠীর মহিলাদের নিয়ে আর্থিক সাক্ষরতা এবং উদ্যোগী সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় সাহাবাদ রেনবো ক্লাব মুখোমুখি হবে বোয়ালিপারের ফার্মাস ক্লাবের বিরুদ্ধে। স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় ইনসাফ ক্লাব ৬-১ গোলে ব্রজপুর একাদশকে পরাজিত করে।

হাইলাকান্দি জেলার পাঁচগ্রামে গতকাল থেকে এম এল এ কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে। কাটিগড়ার বিধায়ক খলিল উদ্দিন মজুমদার এই প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার উদ্বোধন করেছেন। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে বড়খলার বিধায়ক মিসবাহুল ইসলাম লস্করও উপস্থিত ছিলেন। প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে আলগাপুর এফ সি ১-০ গোলে কালাইন সানরাইজ ক্লাবকে পরাজিত করে। পাঁচগ্রামের ইনটেক খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় কালাইন এফ সি খেলবে বাউয়ারঘাট এফ সি-র বিরুদ্ধে।

আজকের খেলায় বোয়ালিপারের মর্ডান এফ সি ৪-১ গোলে জি এল সি শিয়ালটেক দলকে পরাজিত করে।

প্রতিযোগীতায় মোট ৮ট দল অংশগ্রহন করেছে।

ধলাই মাতৃভূমি কাপ নক আউট প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স ৩-০ গোলের ব্যবধানে নাজিয়া এন্টারপ্রাইজ দলকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করে। স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় আগামী ৮ই সেপ্টেম্বর জামালপুর এফ সি খেলবে ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দলের বিরুদ্ধে।
